# বার্ষিক প্রতিবেদন

জুলাই,২০২২-জুন ২০২৩



## অ্যাকশন এন্ড লাইট

নিবন্ধন নম্বর:জয় ৪৪৫/২০০৭
ঠিকানা :আউশগাড়া,জয়পুরহাট।
মোবাইল: ০১৭১৯৪৫৪৯৪১
ইমেইল: actionandlightbd@gmail.com
ওয়েব সাইট: www.actionandlight.com

# শুভেচ্ছা বানী

সেই আদিম যুথবদ্ধতার সময় থেকে এখন পর্যন্ত মানুষের যৌথ শ্রমে সভ্যতা গড়ে উঠেছে। সেই সব মানুষদের শ্রদ্ধাভবে স্বরণ করছি যারা সংস্কৃতির স্রষ্টা। মেনে চলা মানুষদের মত স্রোতে গা না ভাসিয়ে জেনে চলার পথ ধরে সংশয়ের সামনে দাঁড়িয়ে যারা আমাদের বিকাশের সাধনা করেছেন, মানব ইতিহাসের সেসব শ্রেষ্ঠ সন্তানদের, আমাদের বাতিঘরদের ঋণকে আমরা স্বরণ করছি।

শ্রমজীবী প্রান্তিক জনগনের অংশগ্রহণে গড়ে ওঠা অ্যাকশন এন্ড লাইট দীর্ঘদিন ধরে এ অঞ্চলের পিছিয়ে পড়া সুবিধা বঞ্চিত মানুষের উন্নয়নে কাজ করে যাচ্ছে। গবেষণাভিত্তিক অংশগহণমূলক টেকসই উন্নয়ন চর্চার অংশ হিসেবে সাম্প্রতিককালে আমরা উগ্রবাদ,জঙ্গিবাদ ও স্থানীয় জৈব-সন্ত্রাস প্রতিরোধে আমাদের সীমিত সামর্থ কে কাজে লাগিয়ে কাজ করে যাচ্ছি।

আমাদের সংস্থার সদস্য ও শুভানুধ্যায়ীদের অক্লান্ত মেহনত,আর্থিক সহযোগিতা ও ত্যাগে আমরা বিকশিত হচ্ছি।তারা প্রত্যেকেই নিজ নিজ যাপিত জীবনের শত যন্ত্রণা,মোহ ও বস্তুগত আসক্তি কে অগ্রাহ্য করে শুধুমাত্র মানুষের সেবার মানবীয় দায় থেকে সংস্থায় শ্রম ও অর্থ দেন। বিনিময়ে তারা কিছুই চান না।আমারা তাদের জানাই হার্দিক কৃতজ্ঞতা ও সশ্রদ্ধ সালাম।

এ সংস্থা যাদের কে ঘিরে, যারা আমাদের মত আনাড়ির সামনে তাদের লোকজীবনের সাত রাজার ধন তুলে ধরেছেন, আমরা তাদের কাছে কৃতজ্ঞতা জানানোর যোগ্য নই কখন।আবার, জাগতিক শতব্যস্ততার মধ্যেও এ প্রতিবেদন তৈরী তে যাদের নির্দেশনা মিশে আছে। আমরা তাদের প্রতি সবসময় কৃতজ্ঞ। যাদের ভালোবাসার দানে এ সংস্থা চলছে তাদের জন্য আমাদের আজন্ম শুভকামনা ও নৈতিক দায়বদ্ধতা। আত্মীক কৃতজ্ঞ। এ সংস্থায় যাদেরই সহযোগিতা মিশে আছে তাদের জীবনচেতনা মধুময় হোক, প্রশান্তিময় হোক।

পুন: শুভেচ্ছাসহ

ড. সাজ্জাদুল বারী
সভাপতি
অ্যাকশন এন্ড লাইট।

মৌটুসী সোম
সম্পাদক
অ্যাকশন এন্ড লাইট।

## ভূমিকাঃ

শ্রমজীবী প্রান্তিক জনগনের অংশগ্রহণে গড়ে ওঠা অ্যাকশন এন্ড লাইট দীর্ঘদিন ধরে এ অঞ্চলের পিছিয়ে পড়া সুবিধা বঞ্চিত মানুষের উন্নয়নে কাজ করে যাচ্ছে। গবেষণাভিত্তিক অংশগহণমূলক টেকসই উন্নয়ন চর্চার অংশ হিসেবে সাম্প্রতিককালে আমরা লোকজ্ঞান সংগ্রহ,জলবায়ু অভিযোজন কর্মসূচী, প্রান্তিক জনগনের জন্য সহায়তা কার্যক্রম, উগ্রবাদ,জঙ্গিবাদ ও স্থানীয় জৈব-সন্ত্রাস প্রতিরোধ সহ কছিু সুনির্দিষ্ট উন্নয়ন কার্যক্রম আমাদের সীমিত সামর্থ কে কাজে লাগিয়ে করে যাচ্ছি। আমাদের নিজস্ব অর্থায়নে জয়পুরহাট জেলার গ্রামাঞ্চলে জনগণের দ্বারা সংগঠিত গ্রাম সংগঠনগুলোর মাধ্যমে সেবামূলক কাজ করে যাচ্ছি।

ভিন্ন ভিন্ন জাতিগোষ্ঠি, ধর্ম, পেশা, ভাষা, সংস্কৃতি ও আদর্শের মানুষের মধ্যে সর্বস্থানে সহাবস্থান, ঐক্য ও শান্তি নিশ্চিত করার মাধ্যমে উন্নয়নকে তরান্বিত, দীর্ঘস্থায়ী ও ফলপ্রসু করাই এই সংস্থার লক্ষ্য।২০০৫ সালে প্রতিষ্ঠিত ও ২০০৭ সালে নিবন্ধিত এ সংস্থা তার প্রতিষ্ঠালগ্ন থেকেই সম্পূর্ণ নিজ উদ্যোগে প্রান্তিক মানুষের সাথে কাজ করে যাচ্ছে।

এই বাৎসরিক প্রতিবেদন মূলত সংস্থার আত্ম-সমালোচনা ও নিজস্ব মূল্যায়নের বিশ্লেষিত তথ্যের সার-সংক্ষেপ। অ্যাকশন এন্ড লাইট মনে করে , এ আত্ম-মূল্যায়ন ও মাঠের অভিজ্ঞতার সমন্বয়েই আগামীর বুনিয়াদ গড়ে উঠবে।

## অ্যাকশন এন্ড লাইট এর বিগত এক বছরের কর্মকান্ড ও ফলাফলের বিশ্লেষিত তথ্যঃ

### ১. লোকজ্ঞান সংগ্রহ ও সংরক্ষণে পল্লী জনগৌষ্টির জ্ঞান বিনিময় আড্ডা ‘গাঁওয়ের গপ্পো’ কর্মসূচীঃ

**লোকজ্ঞান সংগ্রহ ও সংরক্ষণের জন্য অ্যাকশন এন্ড লাইট এর কর্মীরা গ্রাম পর্যায়ে গ্রামের বিভিন্ন বয়সী মানুষের সক্রিয় অংশগ্রহণে ‘গাঁওয়ের গপ্পো’ পরিচালিত করে। এই আয়োজনের মাধ্যমে অ্যাকশন এন্ড লাইট গণমানুষের কথা জানতে পারছে এবং হারিয়ে যাওয়া স্থানীক লোকজ্ঞান সংগ্রহ করার চর্চা শুরু করতে পারছে। চলমান বছরে অ্যাকশন এন্ড লাইট জয়পুরহাট সদরে আট টি ‘গাঁওয়ের গপ্পো’ আয়োজন করেছে।**







## ২. অর্ন্তভুক্তিমূলক উন্নয়ন অধ্যয়নে গবেষণা ফেলোশিপ প্রদান কর্মসূচী:

অ্যাকশন এন্ড লাইট এর রিসার্চ সেলের সদস্যদের অক্লান্ত পরিশ্রমেজ্ঞান সংগ্রহ ও জ্ঞান সংরক্ষণের লক্ষ্যে গবেষণা কার্যক্রম এগিয়ে নিয়ে যাচ্ছে। সংস্থার সামর্থের সীমাবদ্ধতা থাকার পরেও এ বছর নিম্নোক্ত ইস্যুগুলোতে গবেষণার জন্য অ্যাকশন এন্ড লাইট ফেলোশিপ দিয়েছে।

I. "The Barriers of Female Entrepreneurs in Accessing Marketplace and Financial Support: A Qualitative Study " গবেষণা পত্র টি খুলনা বিশ্ববিদ্যুয়ের আর্ন্তজাতিক সেমিনাওে উপস্থাপিত হয়েছে এবং বিশ্ববিদ্যালয় জার্নালে প্রকাশিত হতে যাচ্ছে।
II. 'Adaptive Strategies and Challenges of Economically Marginal Santal Families in Fulfilling Food Security' শীর্ষক যৌথ গবেষণা প্রবন্ধ আন্তর্জাতিক জার্নাল 'Indiana Journal of Arts and Literature' এ প্রকাশিত হয়েছে।
III. " Adaptive Strategies of Santal Families in Educating Their Children : A Study on Primary Education " শীর্ষক গবেষণা পত্র আর্ন্তজাতিক জার্নাল Journal of Educational Management and Social sciences এ প্রকাশিত হয়েছে।
IV. ''The Transformation of Cultivable Lands into Ponds and It's Effects on the Ethnic Santal People' . শীর্ষক গবেষণা পত্র ভারতে অনুষ্ঠিত আর্ন্তজাতিক সেমিনাওে উপস্থাপিত হয়েছে।
V. "Political Economy of the Recruitment of Islamic Militants:A Study of a Homegrown Islamic Militant Group of Bangladesh. ". শীর্ষক গবেষণা পত্র ভারতে অনুষ্ঠিত আর্ন্তজাতিক সেমিনাওে উপস্থাপিত হয়েছে।

## ৩. পল্লী জনগৌষ্টির সরকারী সেবায় প্রবেশগম্যতা নিশ্চিতকরণ কর্মসূচী:

এ কর্মসূচীর আওতায় সংস্থার গ্রাম সংগঠনগুলোর মাধ্যমে বিনামূল্যে পল্লী জনগণের সরকারী সেবায় প্রবেশগম্যতা নিশ্চিত করা হয়।








## ৪. বে-সরকারী এতিমখানায় কর্মমূখী শিক্ষা প্রচলনের লক্ষ্যে সিলেবাস প্রণয়ন ও প্রস্তুতি:

বে-সরকারী এতিমখানার নিবাসীদের বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে পুনর্বাসনের লক্ষ্যে সম্ভব্য করণীয় বিষয়ে সুনির্দিষ্ট কর্ম পদ্ধতি নির্ধারণের করাই এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য। এ প্রকল্পের আওতায় বে-সরকারী এতিমখানার


নিবাসী,অভিভাবক,শিক্ষক ও নীতি নির্ধাককদের সাথে গবেষণা পদ্ধতির যথাযথ প্রয়োগের মাধ্যমে বে-সরকারী এতিমখানায় বৃত্তিমূলক শিক্ষা চালুর জন্য যথাযথ সিলেবাস প্রণয়ন করা হচ্ছে।





## ৫. গণসাংস্কৃতিক ইউনিট পরিচালনা:

অংশগ্রহণমূলক উন্নয়ন চর্চায় সাংস্কৃতিক কার্যক্রমের সফল ব্যবহারের লক্ষ্যে অ্যাকশন এন্ড লাইট গণসাংস্কৃতিক ইউনিট 'বিভিন্ন শ্রেণী-ধর্ম-বর্ণ-পেশার মানুষের সমন্বয়ে নিয়মিত সাংস্কৃতিক আয়োজনের মাধ্যমে মানুষের মাধে উগ্রবাদ ও মাদক বিরোধী সচেতনতা তৈরী করার কাজ এগিয়ে নিচ্ছে। জয়পুরহাট জেলার ১০ টি গ্রামে গণসাংস্কৃতিক ইউনিটের নিয়মিত কার্যক্রম রয়েছে। সংস্থার গণসাংস্কৃতিক ইউনিটের লোক সংস্কৃতি চর্চায় নিয়মিত *'ভাব-বৈঠকী'* আয়োজন করা হয়।







## ৬. জৈব সন্ত্রাস (কিডনী কেনাবেচা) প্রতিরোধে তথ্য সংগ্রহ ও ডকুমেন্টেশন কার্যক্রম:

জয়পুরহাট জেলায় কিডনী বিক্রি বন্ধে অ্যাকশন এন্ড লাইট এর কর্মপদ্ধতি ও কর্ম কৌশল নির্ধারণের লক্ষ্যে সংস্থার রিসার্চ ইউনিটের সরাসরি তত্ত্বাবধায়নে কিডনী বিক্রেতা ও দালালদের মাঝে গুণগত তথ্য সংগ্রহ করা চলছে এবং ‘ভিলেজ ম্যাপিং’ করা হচ্ছে।






## ৭. মানব পাচার প্রতিরোধ ও বিদেশ প্রত্যাগত বা বিদেশে মৃত রেমিটেন্স যোদ্ধা ও তাদের পরিবারের সহায়তা কর্মসূচী:

সীমান্তবর্তী জেলা জয়পুরহাটে মানব পাচার রোধে সচেতনতা তৈরী করছে অ্যাকশন এন্ড লাইট। পাশাপাশি বিদেশ প্রত্যাগত বা বিদেশে মৃত রেমিটেন্স যোদ্ধাদের ও তাদের পরিবারের মানবাধিকার সুরক্ষায় গ্রাম সংগঠনগুলোর সাহায্যে কাজ করে যাচ্ছে। অনেক ক্ষেত্রে ভিকটিমদের যথাযথ কর্তৃপক্ষের কাছে প্রেরণ করা হয়।

চলতি বছরে অ্যাকশন এন্ড লাইট এ প্রকল্পে যত জন কে যে যে সেবা দিয়েছে তা নিচের চিত্রে উপস্থাপিত।










## ৮. জলবায়ু পরিবর্তন রোধ ও অভিযোজন কর্মসূচী:

জলবায়ু ঝুঁকি মোকাবেলায় অ্যাকশন এন্ড লাইট তার পূর্বের কাজের ধারাবাহিকতা বজায় রেখে যুবক ও প্রবীণ প্রজন্মের সমন্বয়ে কাজ করে যাচ্ছে। নিচের চার্টে এ প্রকল্পের উপকারভোগী ও সেবার প্রকৃতি তুলে ধরা হলো।









## ৯.প্রান্তিক জনগৌষ্টির জন্য উপহার ও শুভেচ্ছা প্রদান কার্যক্রম:

অ্যাকশন এন্ড লাইট প্রান্তিক মানুষের কাছে উপহার পৌছে দেয়।গত শীতে পাঁচশত শীতার্ত মানুষের হাতে উন্নত মানের কম্বল পৌছে দিয়েছে অ্যাকশন এন্ড লাইটের কর্মীরা। একইসাথে এতিমখানার শিশুদের জন্য সরিশার তেল তাদের হাতে তুলে দেওয়া হয়েছে। গত রমযান মানে গ্রামের সুবিধা বঞ্চিত মানুষদের হাতে ইফতার, বিশুদ্ধ পানি তুলে দেওয়া হয়েছে। এবারের কুরবানী ইদে কুরবানী দিতে না পারা দুইশত পরিবারের কাছে দুই কেজি করে মোট চারশত কেজি গরুর মাংস পৌছে দিয়েছে অ্যাকশন এন্ড লাইটের কর্মীরা। এধরণের উপহার বিতরণের ক্ষেত্রে সামাজিক-সাংস্কৃতিক নৈতিকতার প্রতি সম্মান রেখে কর্মসূচী বাস্তবায়ন করা হয়।


প্রান্তিক মানুষের জন্য উপহার
৬০০
৫০০
৪০০
৩০০
২০০
১০০
০
৫০০
২০০
৪০০
২০০
৫০
১০০
গ্রহীতা
কম্বল
কুরবানী মাংস
ইফতার
সরিশার তেল
ওষুধ
শিক্ষা উপকরণ





চকভারুনীয়ার হজরত পীর সাহেব কেবলারএজাজতে-
ভাদসা সিদ্দিকীয়া কোরবানীয়া খানকা শরীফ।
ACTION&




প্রিমিয়ার
ACTION&LIGHT


প্রিমিয়ার








Rg: Joy.445/2007


ACTION&LIGHT
Rg: Joy.445/2007


Rg: Joy.445/2007












Apr 20, 2023, 17:19


Apr 20, 2023, 17:18




ACTION & LIGHT
Rg: Joy. 445/2007
Jan 01, 2023, 18:01




অ্যাকশন এন্ড লাইট এর সেবামূলক কাজের দুইটি সংবাদের লিংক নিচে দেওয়া হলো:

জয়পুরহাটে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ https://www.somoynews.tv/news/2023-01-18/

**জয়পুরহাটে দুস্থদের মাঝে কুরবানির মাংস বিতরণ** **https://www.banglatimes.com/2023/06/29/**

**পরিশিষ্ট:**

ক) অ্যাকশন এন্ড লাইট এর **উপদেষ্টা পরিষদের সদস্যদের সংক্ষিপ্ত পরিচিতি:**

১. অধ্যাপক মোহাম্মদ মাহমুদুর রহমান,অধ্যাপক,রাষ্ট্রবিজ্ঞান বিভাগ,রাজশাহী বিশ্ববিদ্যালয়।চেয়ারম্যান,উপদেষ্টা পরিষদ, অ্যাকশন এন্ড লাইট ।

২. মাহমুদুল হক,বিশিষ্ট সমাজ সেবক,জয়পুরহাট।সম্মানিত সদস্য,উপদেষ্টা পরিষদ, অ্যাকশন এন্ড লাইট ।

৩. অধ্যাপক ড.রওশন জাহিদ,অধ্যাপক,ফোকলোর বিভাগ,রাজশাহী বিশ্ববিদ্যালয়। সম্মানিত সদস্য,উপদেষ্টা পরিষদ, অ্যাকশন এন্ড লাইট ।

৪. ড. গোলাম সারওয়ার,সহযোগী অধ্যাপক,ইতিহাস বিভাগ,রাজশাহী বিশ্ববিদ্যালয়। সম্মানিত সদস্য,উপদেষ্টা পরিষদ, অ্যাকশন এন্ড লাইট ।

৫. মো: আব্দুর রাজ্জাক,সহকারী অধ্যাপক,রংপুর টিচার্স টেনিং কলেজ। সম্মানিত সদস্য,উপদেষ্টা পরিষদ, অ্যাকশন এন্ড লাইট ।

৬.কৃষিবিদ ড. পরিমল সরকার,উন্নয়ন বিশেষজ্ঞ ।

৭. দিপ্তী রহমান, শিক্ষক ও গবেষক।